

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.২৮৮.২৫- ২২

তারিখ: ০৭ ফাল্গুন, ১৪৩২
২৮ ফেব্রুয়ারি, ২০২৬


বিষয়ঃ জনাব মোঃ খাইরুল হোসেন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (পিআরএল) এর আনুতোষিক ও মাসিক অবসর ভাতা পরিশোধের মঞ্জুরী।

যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা জেলার তিতাস উপজেলা কার্যালয়ের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(পিআরএল) জনাব মোঃ খাইরুল হোসেন আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরীর আবেদন দাখিল করেন। অধিদপ্তরের ১৬ মার্চ ২০২৫খ্রি. তারিখের ৪৭ সংখ্যক আদেশে ২১-১২-২০২৪খ্রি. তারিখ হতে ২০-১২-২০২৫খ্রি. তারিখ পর্যন্ত ১ (এক) বছর অবসর উত্তর ছুটি পিআরএল ও লাম্পগ্রান্ট মঞ্জুরী প্রদান করা হয়। তিনি ২১-১২-২০২৫খ্রি. তারিখে চূড়ান্ত অবসর গ্রহণ করেন। তার মোট পেনশনযোগ্য চাকরিকাল ২৮ বছর ০৫ মাস ২১ দিন। বিধি মোতাবেক ৯০% হারে পেনশন প্রাপ্য এবং অবসরভাতার বিনিময় হার ২৩০/-টাকা। প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুযায়ী অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে তার মূলবেতন ৩৯,৫৭০/- (উনচল্লিশ হাজার পাঁচশত সত্তর) টাকা। মূলবেতন ৩৯,৫৭০/- টাকার ৯০% হারে ৩৫,৬১৩/- (পঁয়ত্রিশ হাজার ছয়শত তেরো) টাকা মোট অবসরভাতা প্রাপ্য। অবসরভাতা ৩৫,৬১৩/-টাকার ১ম অর্ধাংশ ১৭,৮০৬.৫০ (সতেরো হাজার আটশত ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ১৭৮০৬.৫০ X ২৩০ = ৪০,৯৫,৪৯৫/- (চল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার চারশত পঁচানব্বই) টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ১৭,৮০৬.৫০ (সতেরো হাজার আটশত ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকা হারে মাসিক অবসর ভাতা প্রাপ্য। অভিরিক্ত আহরিত বেতন ভাতা বাবদ ১২,২০,৪৮২/- (বারো লক্ষ বিশ হাজার চারশত বিরাশি) টাকা প্রাপ্য আনুতোষিক হতে আদায়যোগ্য।

০২। এমতাবস্থায়, জনাব মোঃ খাইরুল হোসেন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (পিআরএল) এর প্রাপ্য আনুতোষিক ৪০,৯৫,৪৯৫/- (চল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার চারশত পঁচানব্বই) টাকা হতে অভিরিক্ত গৃহিত ১২,২০,৪৮২/- (বারো লক্ষ বিশ হাজার চারশত বিরাশি) টাকা কর্তন পূর্বক (৪০,৯৫,৪৯৫ - ১২,২০,৪৮২) = ২৮,৭৫,০১৩/- (আটশ লক্ষ পঁচাত্তর হাজার তেরো) টাকা আনুতোষিক এবং ২য় অর্ধাংশ মাসিক অবসরভাতা হিসেবে ১৭,৮০৬.৫০ (সতেরো হাজার আটশত ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকা মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অনুমোদনক্রমে পরিশোধের মঞ্জুরী প্রদান করা হলো। আনুতোষিক ও মাসিক অবসরভাতা পরিশোধের নিমিত্তে নিম্নলিখিত কাগজপত্র এতদসংগে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.১	০১(এক) কপি
২	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক) কপি
৩	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র	০১(এক) কপি
৪	না-দাবী প্রত্যয়নপত্র	০১(এক) কপি
৫	প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি)	০১(এক) কপি
৬	অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরী আদেশ	০১(এক) কপি
৭	মূল চাকরি বই	০১(এক)কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।



(এম এ আখের)

যুগ্মসচিব

পরিচালক(প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৮০৮৬৩

উপজেলা হিসাব রক্ষণ অফিসার

তিতাস উপজেলা, কুমিল্লা।


পাতা-০২

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.২৮৮.২৫-৫৭

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪৩২
২৮ ফেব্রুয়ারি, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।
- ৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, তিতাস উপজেলা, কুমিল্লা।
- ৫। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৬। জনাব মোঃ খাইরুল হোসেন, গ্রাম-বাগদোবাড়িয়া, ডাকঘর-মদনপুর বন্দর, নারায়ণগঞ্জ।
- ৭। অফিস কপি।



(মোঃ কামরুজ্জামান)
সহকারী পরিচালক (অর্থ)

ও

কল্যাণ কর্মকর্তা
ফোন: ০২-৪৭১১০৬৭২